

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
হিসাব ও অর্থ বিভাগ  
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।  
Web: www.dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.০০০০.০৭৫.২০.২৩৫.১৮ - ২৭৮ (৪৭)

তারিখঃ ২২/০৬/২০১৮ খ্রি:

বিষয় : ৪৮ খাদ্য মন্ত্রণালয়ের আওতাভুক্ত “কর ব্যতীত প্রাপ্তি” খাতের সরকারি যানবাহনের ব্যবহার বাবদ অর্থ জমাকরণ প্রসঙ্গে।  
সূত্র : জনপ্রশাসন মন্ত্রণালয় এর অফিস আদেশ নং-০৫.০০.০০০০.১১৫.১৬.০১০.১২-২৯২(১৩৫) তাং-১৭/০৪/২০১২ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, খাদ্য অধিদপ্তরাধীন “কর ব্যতীত প্রাপ্তি” খাতের অন্তর্ভুক্ত কোড নং-১/৪৮৩১/০০০১/২০৩৭-সরকারি যানবাহনের ব্যবহার খাতে আশানুরূপভাবে অর্থ জমা হচ্ছে না, যা মোটেও কাম্য নয়। কাজেই, সূত্রস্থ স্মারকের (কপি সংযুক্ত) নির্দেশনা মোতাবেক প্রতি মাসে নির্ধারিত হারে অর্থ জমাকরণের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো। এক্ষেত্রে উল্লেখ্য যে, চলতি ২০১৭-১৮ অর্থ বছরের এবং বিগত অর্থ বছরসমূহের বকেয়া সমূহ (যদি থাকে) আগামী ২৫/০৬/২০১৮ খ্রি: তারিখের মধ্যে চালানোর মাধ্যমে নির্দিষ্ট কোডে জমা প্রদান করতে হবে। এ বিষয়ে কোন পরামর্শের প্রয়োজন হলে জনাব মোঃ নূরুজ্জামান, সহকারী পরিচালক(যান), খাদ্য অধিদপ্তরের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক -১ (এক)পাতা।

(স্বপন কৃষ্ণ বণিক)  
পরিচালক

ফোন নং-৯৫৫৬৩০৬

- ১। পরিচালক(সকল),-----, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/ বরিশাল/সিলেট/রংপুর।
- ৩। প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, পোস্তগোলা, ঢাকা।
- ৪। সাইলো অধীক্ষক (সকল)-----সাইলো-----।
- ৫। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম/খুলনা।
- ৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)-----।
- ৭। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানানো হলো।

স্মারক নং- ১৩.০১.০০০০.০৭৫.২০.২৩৫.১৮ - ২৭৮ (৪৭) / ১ (২)  
সদয় জ্ঞাতার্থে :

তারিখঃ ২২ /০৬/২০১৮ খ্রি:

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। অফিস কপি।

(স্বপন কৃষ্ণ বণিক)  
পরিচালক

ফোন নং-৯৫৫৬৩০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বাজেট ও পরিবীক্ষণ শাখা

পত্র নং-০৫ . ০০ . ০০০০ . ১১৫ . ১৬ . ০১০ . ১২-২৯২(১৩৫)


০৪ বৈশাখ, ১৪১৯ বঃ  
তারিখঃ  
১৭ এপ্রিল, ২০১২ খ্রিঃ

অফিস আদেশ

সরকার কর্তৃক ইতোপূর্বে নির্ধারিত বিভিন্ন ধরনের সরকারি যানবাহন ও সরকারি সড়ক পরিবহন পুলে অবস্থিত ডরমেটরির সীট ভাড়া/হার সংশোধনপূর্বক নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করা হলো :

ক্রমিক নং	যানবাহন ব্যবহারের ধরণ	অনুমোদিত ভাড়ার হার/রেট
১.	সার্বক্ষণিক ব্যবহার (প্রাধিকার প্রাপ্ত কর্মকর্তা)	মাসিক ৬০০/- টাকা। সরকারি কর্মকর্তাদের মধ্যে যারা সার্বক্ষণিক গাড়ি পান তাঁদের ক্ষেত্রে প্রযোজ্য হবে। তাছাড়া কর্পোরেশন ও সংস্থার সার্বক্ষণিক প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাদের ক্ষেত্রেও এই হারে টাকা প্রদান প্রযোজ্য হবে।
২.	সরকারি কাজে : ক) কার	প্রতি কিলোমিটার ০.৬০ টাকা।
	খ) মিনিবাস/মাইক্রোবাস	প্রতি কিলোমিটার ০.৪০ টাকা।
	গ) বাস	প্রতি কিলোমিটার ০.২০ টাকা। এই ভাড়ার হার সকল মন্ত্রণালয়/বিভাগের অধিনস্থ দপ্তর/সংস্থার বাসের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।
৩.	ব্যক্তিগত কাজে ব্যবহার (অন-পেমেন্ট) (কর্মকর্তা/কর্মচারি)	প্রতি কিলোমিটার ২/- টাকা। অপেক্ষমান সময়ের জন্য (Waiting time) প্রতি ঘন্টা জীপ/কার : ১০/- টাকা, মিনিবাস/মাইক্রোবাস : ১৫/- টাকা ও বাস : ২০/- টাকা।
৪.	সরকারি সড়ক পরিবহন পুলে অবস্থিত ডরমেটরির সীট ভাড়া	প্রতিদিন ২০/- টাকা (দুপুর ১২.০০ টা হতে পরদিন ১১.৫৯ টা পর্যন্ত)

২. পুনঃনির্ধারিত এ ভাড়ার হার/রেট অবিলম্বে কার্যকর হবে।

  
(মোঃ গুয়াহিদুজ্জামান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন-৯৫১৪৪৮৯

বিতরণঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা।
৩. সিনিয়র সচিব, ----- মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
৪. সচিব, ----- মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
৫. বিভাগীয় কমিশনার, ----- (সকল)।
৬. হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, সচিবালয় ভবন (৩য় ফেজ), ঢাকা-১০০০।
৭. জেলা প্রশাসক, ----- (সকল)।
৮. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা  
(আদেশটি গেজেটে পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৯. প্রধানমন্ত্রীর জনপ্রশাসন বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা  
(মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
১০. সিনিয়র সিস্টেম এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ)।
১১. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২ প্রধান পল্টন, ঢাকা।